খালেদা জিয়ার চিকিৎসায় সরকারের সর্বাত্মক সহযোগিতা চলছে: প্রেস সচিব



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার চিকিৎসা বিষয়ে সরকার সর্বোচ্চ সহযোগিতা অব্যাহত রেখেছে বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম।

শনিবার তিনি জানান, খালেদা জিয়াকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে নিতে পরিবারের অনুরোধ ও প্রয়োজনীয় প্রক্রিয়ায় সরকার সহায়তা দিয়ে যাচ্ছে।

শনিবার তিনি জানান, খালেদা জিয়াকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে নিতে পরিবারের অনুরোধ ও প্রয়োজনীয় প্রক্রিয়ায় সরকার সহায়তা দিয়ে যাচ্ছে।

প্রেস সচিব বলেন, “বেগম জিয়ার চিকিৎসা নিশ্চিত করতে বিদেশে পাঠানোসহ পরিবারের যেকোনো অনুরোধে সরকার যথাযথ সহায়তা করছে।”

তিনি আরও জানান, খালেদা জিয়ার দ্রুত সুস্থতা কামনা করে দেশবাসীর প্রতি দোয়া চালিয়ে যাওয়ার আহ্বান জানিয়েছে সরকার।

এদিকে, কাতার সরকারের ব্যবস্থাপনায় প্রস্তুত এয়ার অ্যাম্বুলেন্সটি ৯ ডিসেম্বর ঢাকায় অবতরণের অনুমতি চাইছে। অনুমতি মিললে ১০ ডিসেম্বর খালেদা জিয়াকে নিয়ে লন্ডনের উদ্দেশে যাত্রা করবে বিমানটি।